BANGLADESH LPG AUTOGAS STATION AND CONVERSION WORKSHOP OWNER'S ASSOCIATION
**T.O License No: 21/2021**
**Reg. No: TO-1026/2021**

Bangladesh LPG Autogas Station & Conversion Workshop Owner's Association
House: 2, Block: 2, Pallabi, Mirpur, Dhaka-1216, Bangladesh
Phone: 02-8033320 | Cell: 01765038390, 01711524712, 01704179247
Email: lpgautogasbd2019@gmail.com, bdlpgautogas19@gmail.com
Website: www.lpgautogasbd.com

সূত্রঃ এলপিজি/এসাঃ/নির্বাচন ২০২৬-২০২৮/নোটিশ/০৩ তারিখঃ ১৬-০৭-২০২৬ খ্রি.

# নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ দ্বি-বার্ষিক মেয়াদের কার্যনির্বাহী কমিটির নির্বাচন উপলক্ষে গঠিত নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত নির্বাচনি তফসিল অনুযায়ী ***চূড়ান্ত ভোটার তালিকা*** আগামী ১৮ জুলাই, ২০২৬ খ্রিস্টাব্দ, রোজ শনিবার, সকাল ১০:০০ ঘটিকায় এসোসিয়েশনের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটের নোটিশ সেকশনে https://www.lpgautogasbd.com প্রকাশ করা হবে। একই তারিখ (১৮-০৭-২০২৬ খ্রি.) বেলা ১১:০০ ঘটিকা হতে ২৩ জুলাই, ২০২৬ খ্রিস্টাব্দ রোজ বৃহস্পতিবার বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত কার্যনির্বাহী কমিটির সদস্য পদের মনোনয়ন পত্র বিতরণ করা হবে। মনোনয়ন পত্র জমা দেয়ার শেষ তারিখ ২৫ জুলাই, ২০২৬ খ্রিস্টব্দ রোজ শনিবার, বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।

**নির্বাচন সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য ও নির্দেশনাসমূহঃ**

১) বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২৩(১) ধারা অনুযায়ী ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত নাই এরূপ কোনো ব্যক্তি নির্বাচনে প্রার্থী বা তাহার প্রস্তাবকারী বা সমর্থনকারী হইতে পারিবেন না।

২) নির্বাচন সংক্রান্ত যাবতীয় নোটিশ/বিজ্ঞপ্তি এসোসিয়েশনের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটের নোটিশ সেকশনে প্রকাশ করা হবে।

৩) প্রতিটি কার্যনির্বাহী সদস্য পদের প্রার্থী ১০,০০০/- (দশ হাজার) টাকা (অফেরতযোগ্য) প্রদান সাপেক্ষে মনোনয়ন পত্র সংগ্রহ করতে পারবেন। মনোনয়নপত্র যথাযথভাবে পূরণপূর্বক তফশিলে উল্লেখিত নির্ধারিত সময়ে জমা দিতে হবে। উল্লেখ্য মনোনয়ন পত্র দাখিলের সাথে মনোনয়ন ফি পরিশোধের রশিদ (মূল কপি) সংযুক্ত করতে হবে।

অতএব, এসোসিয়েশনের ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ দ্বি-বার্ষিক মেয়াদের কার্যনির্বাহী কমিটির নির্বাচনে আপনাদের সকলের অংশগ্রহণ ও সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে-

**(মোঃ মোশারফ হোসেন)**
সচিব, নির্বাচন বোর্ড ২০২৬-২০২৮
ও অফিস সেক্রেটারি
বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন
এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন

**বিতরণঃ**

১) এসোসিয়েশনের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট।
২) অফিস কপি।